2937                I 3376.

# -ঃঃ শুভ দানপত্র ঃঃ-

গ্রহীতা - শ্রীমতী কনিকা ব্যানার্জী।

দাতা - শ্রী সন্দীপ ব্যানার্জী।

সম্পত্তির ঠিকানা
মৌজা - ঝোড়হাট,
থানা - শাঁখরাইল, জেলা - হাওড়া।

মুসাবিদা কারক -
সুব্রত সাঁতরা,
এ্যাডভোকেট,
জাজেস্ কোর্ট, হাওড়া।
দূরভাষ - ২৬৭৯ - ৬১২২, মোবাইল - ৯২৩১৫২২০৬১।

2937

I 3376

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये

रु.1000

ONE THOUSAND RUPEES

Rs.1000

सत्यमेव जयते

INDIA

614236

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

Admissible under Rule 21
also under Section 5 of the
W.B.L.R. Act 1995 duty Stamped
under the Indian Stamp (W. Bengal)
Land. Amendment Act 1889
Schedule IA No... 2374...
Fee Paid...
A - 4719/-
E - 7/-
4726/-

Additional Dist Sub Registrar
Rajarhat,
Dist.-Howrah
31/7/06

## -ঃঃ শুভ দানপত্র ঃঃ-

মৌজা - ঝোড়হাট, থানা - শাঁখরাইল,

দাগ নং - সাবেক - ৩৪৫, হাল - ৩৮২,

সাবেক খতিয়ান নং - ৭৫৩, হাল - ২৬২,

জমির পরিমাণ - ০১ কাঠা ০৮ ছটাক ১০ বর্গফুট,

বা ১০৯০ বর্গফুট,

জমির শ্রেনী - বাস্তু,

বাজার মূল্য কোং - ৪,৩০,০০০ টাকা মাত্র।

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये

ONE THOUSAND RUPEES

रु.1000

Rs.1000

सत्यमेव जयते

INDIA

6J4235

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL



দানপত্র গ্রহীতা ঃ শ্রীমতী কনিকা ব্যানার্জী,
পিতা - মৃত অশোক কুমার ব্যানার্জী, জাতি - হিন্দু, পেশা - গৃহকার্য্য, সাং - ঝোড়হাট, থানা - শাঁখরাইল, জেলা - হাওড়া।

দানপত্র দাতা ঃ শ্রী সন্দীপ ব্যানার্জী,
পিতা - মৃত অশোক কুমার ব্যানার্জী, জাতি - হিন্দু, পেশা - চাকুরী, সাং - ঝোড়হাট, থানা - শাঁখরাইল, জেলা - হাওড়া।

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 881609



কস্য নিম্ন তপশীল বর্ণিত এবং অত্র দানপত্র দলিলের সহিত সংযুক্ত নক্সায় ''লাল'' রঙের রেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত শাঁখরাইল থানার অন্তর্গত ঝোড়হাট মৌজাস্থিত ৩০ নং জে. এল. ভুক্ত সাবেক ৭৫৩ নং এবং হাল ২৬২ নং খতিয়ানে সাবেক ৩৪৫ হাল ৩৮২ নং দাগে ষোল আনায় ১৭ শতকে ৫ শতক বা ৩ (তিন) কাঠা ২০ (কুড়ি) বর্গফুট অংশের মধ্যে আট আনা অংশে ২.৫ শতকে ০১ (এক)

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

Rs. 100

रु. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

881610



কাঠা ০৮ (আট) ছটাক ১০ (দশ) বর্গফুট বাস্তু সম্পত্তি মায় তদুপরিস্থিত ২৫ বৎসরের অধিক পুরাতন ৪৫০ বর্গফুট পাকা ছাদ বিশিষ্ট গৃহ সম্পত্তির অর্ধাংশের শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে।

জেলা ও জেলা রেজিষ্ট্রী অফিস হাওড়া, এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস রাণীহাটীর অন্তর্গত শাঁখরাইল থানার অধীন ঝোড়হাট মৌজাস্থিত ৩০ নং জে. এল. ভুক্ত সাবেক ৭৫৩ নং হাল ২৬২ নং খতিয়ান ভুক্ত সাবেক ৩৪৫ নং,

হাল - ৩৮২ নং দাগে ষোল আনায় ১৭ শতকে ৫ শতক সম্পত্তির মধ্যে ২.৫ শতক সম্পত্তি ও তদুপরিস্থিত ২৫ বৎসরের অধিক পুরাতন ৯০০ বর্গফুট পাকা ছাদ বিশিষ্ট অবিভক্ত গৃহ সম্পত্তির অর্দ্ধাংশে ৪৫০ বর্গফুট গৃহ সম্পত্তি আমার পৈত্রিক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত স্বত্ব দখলীয় সম্পত্তি হইতেছে। তপশীল বর্ণিত সম্পত্তির যাবতীয় সরকারী খাজনা ও করাদি প্রদান করিয়া এযাবৎ কাল তাহাতে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও সর্ব্ব সাধারণের জ্ঞাতানুসারে দখল পরিচালনে বিদ্যমান আছি।

এক্ষনে উল্লেখ রাখিবার প্রয়োজন যে, আন্দুল - মৌড়ী কো - অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেডের নিকট হইতে তপশীল সম্পত্তি ক্রয় করিয়া ও গৃহাদি নির্মাণ করিয়া তাহাতে উত্তম স্বত্বে ভোগ দখলে কায়েম থাকা অবস্থায় আমাদের পিতা লোকান্তরিত হইলে পর তাহার ত্যক্ত সম্পত্তিতে আমি অত্র দান পত্র দাতা ও অত্র দানপত্র গ্রহীতা আমার সহোদর ভগিনী তুল্যাংশে স্বত্বাধিকারী হই। উল্লেখ থাকে যে, আমাদের পিতা লোকান্তরিত হইবার পূর্বে আমাদের মাতা লোকান্তরিতা হন। উল্লেখিত ক্রয় দলিলের বিস্তারিত বিবরণ বুক নং - ১, ভল্যুম নং - ১২, পৃষ্ঠা - ২৮৯ হইতে ২৯৪, বিয়িং নং - ১৬৫, সন ইংরাজী ১৯৭৭ হিসাবে হাওড়া ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিসে লিপিবদ্ধ আছে।

পরবর্তীকালে উল্লেখিত দলিল মূলে আন্দুল মৌড়ী কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড সংস্থার নিকট হইতে আমাদের লোকান্তরিত পিতা উক্ত দলিল

আবদ্ধ রাখিয়া কিছু পরিমান টাকা গ্রহন করিয়াছিলেন এবং পরবর্তীকালে সুদ সহ তাহা পরিশোধ করিয়া দেন এবং উহার পরিশোধ উল্লেখিত কো - অপারেটিভ সোসাইটি তাহাদের প্রাপ্ত বুঝিয়া পাইয়া আমাদের লোকান্তরিত পিতার নাম বরাবরে একখানি মুক্তিপত্র সম্পাদন করিয়া দেন। উল্লেখিত মুক্তিপত্রের বিস্তারিত বিবরণ বুক নং - ১, ভল্যুম নং - ২০, পৃষ্ঠা- ১৪৫ হইতে ১৪৯, বিয়িং নং - ৭৬৪, সন ইংরাজী ২০০৪ হিসাবে হাওড়া ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিসে লিপিবদ্ধ আছে।

এক্ষনে আমি অত্র দানপত্রের দাতা প্রকাশ করিতেছি যে, তুমি অত্র দানপত্র দলিলের গ্রহীতা আমার স্নেহের সহোদরা ভগ্নি হইতেছ। তুমি আমাকে পরম স্নেহ করিয়া আসিতেছ। সেইহেতু আমি অত্র দানপত্র দলিলের দাতা তোমার সহোদর ভ্রাতা এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছি যে, আমার পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত সম্পত্তি তোমাকে আমার স্নেহের নিদর্শন হিসাবে দান করিব, যাহাতে তুমি তপশীল বর্ণিত সম্পত্তি প্রাপ্ত হইয়া সুখে শান্তিতে বসবাস করিতে পার এবং এইরূপ ভাবনা চিন্তা করিয়া এবং আমার পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত সম্পত্তি তোমাকে দান করিবার জন্য মনস্থির করি এবং আমার একান্ত মনের বিশ্বাস তাহাতে তোমার বিশেষ কল্যাণ সাধন ঘটিবে।

সেইহেতু আমি তোমার সহোদর ভ্রাতা হিসাবে তোমাকে আমার পৈত্রিক ওয়ারিশন সূত্রে প্রাপ্ত সম্পত্তি দান করিবার অভিপ্রায় ঘোষনা করিলে এবং তুমি আমার দান সানন্দে গ্রহন করিবার ইচ্ছা প্রকাশ করিলে অদ্যকার তারিখে তোমার

নাম বরাবর অত্র শুভ দানপত্র দলিল বলে তপশীল বর্ণিত রায়ত স্বত্বীয় সম্পত্তি দান করিয়া দানকৃত ভূ-সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইলাম। দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, দখল, লভ্যাধিকার, হক ছিল কি আছে বা জন্মিয়াছে তাহা অদ্যকার তারিখ হইতে আমার দানকৃত সম্পত্তির যাবতীয় স্বত্বে স্বত্ববতী, দখলে দখলীকার ও হকে হক্‌দার হইয়া বর্তমানে তোমার নিজ নাম পত্তন করিয়া সন সন খাজনা ও করাদি নিজ নামে আদায় দিয়া তোমার ইচ্ছামত দান, বিক্রয়, বিলি, ইজারা সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তরের ষোল আনা রূপে ক্ষমতাবতী হইয়া স্থলাভিষিক্তগণ ক্রমে ভোগ দখল করিতে থাক। তাহাতে আমার ওয়ারিশ স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কখন কোনপ্রকার দাবি দাওয়া বা ওজর আপত্তি করিতে পারিবে না বা করিলেও তাহা সর্ব্ব আদালতে সর্ব্ব স্থানে বাতিল ও নামঞ্জুর হইবে এবং আমার দ্বারা কৃত ও সম্পাদিত অত্র দানপত্র দলিল মূলে তোমার অনুকূলে আমার দান বহাল থাকিবে।

আরও উল্লেখ থাকে যে, দানকৃত সম্পত্তি দান করিবার আমার সম্পূর্ণ স্বত্বাধিকার আছে, উহার উপর কোন দায় নাই। সম্পূর্ণ ভাবে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় তোমাকে দান করিলাম এবং তাহা ষোল আনা রূপে আমার ভোগ দখলে রহিয়াছে। তপশীল বর্ণিত সম্পত্তি আমি কাহাকেও দান, বিক্রয় বা কোনপ্রকার হস্তান্তর করি নাই বা কোন প্রকার হস্তান্তরের চুক্তিতে আবদ্ধ হই নাই। কোন প্রকার সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানের নিকট মর্টগেজ করি নাই। দানকৃত সম্পত্তি কোনপ্রকার মামলার বিষয়বস্তু নহে। দানকৃত সম্পত্তি সম্পূর্ণ ভাবে নির্দ্দায় ও নির্দ্দোষ

অবস্থায় তোমাকে দান করিলাম এবং অদ্যই দানকৃত তপশীল সম্পত্তিতে তোমাকে খাস দখল দিলাম। দানকৃত সম্পত্তি সরকার দ্বারা রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই। অত্রসহ নক্সাখানি দানপত্র দলিলের একাংশ হিসাবে গণ্য হইবে।

এতদর্থে সুস্থ শরীরে, স্থির চিত্তে ও ধীর মস্তিষ্কে অত্র দানপত্র দলিলের লিখিত মর্ম সমূহ সম্যক রূপে অবগত হইয়া অন্যের বিনা প্ররোচনায়, স্বেচ্ছায় ইসাদীগণ সমক্ষে অত্র দানপত্র দলিলে স্বতঃস্ফূর্ত ভাবে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি - বাংলা ১৪১৩ সালের ১৪ই শ্রাবণ, মোতাবেক ইংরাজী ২০০৬ সালের ৩১ শে জুলাই।

-ঃঃ দানকৃত তপশীল বর্ণিত সম্পত্তির পরিচয় ঃঃ-

জেলা ও জেলা রেজিষ্ট্রী অফিস হাওড়া, এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস রাণীহাটী, থানা - শাঁখরাইলের অধীন মৌজা - ঝোড়হাট গ্রামে অবস্থিত ৩০ নং জে.এল. ভুক্ত সাবেক ৭৫৩ (সাত শত তিপ্পন্ন) নং হাল ২৬২ (দুই শত বাষট্টি) নং খতিয়ান ভুক্ত সাবেক ৩৪৫ (তিন শত পঁয়তাল্লিশ) নং, হাল ৩৮২ (তিন শত বিরাশি)নং দাগে ১৬ (ষোল) আনায় ১৭ (সতের) শতকে ০৫ (পাঁচ) শতক বা ০৩ (তিন) কাঠা ২০ (কুড়ি) বর্গফুট অংশে ২.৫ (আড়াই) শতক বা ০১ (এক) কাঠা ০৮ (আট) ছটাক ১০ (দশ) বর্গফুট বা ১০৯০ (এক হাজার নব্বই) বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ২৫ বৎসরের অধিক কাল পুরাতন ৯০০ বর্গফুট পাকা গৃহাদির

অর্ধাংশ ৪৫০ বর্গফুট অবিভক্ত গৃহ সম্পত্তি সহ সর্ব্বপ্রকার ব্যবহারিক স্বত্বাদি বা ইজমেন্ট রাইট সহ যাহা অত্র দানপত্র দলিলের সংযুক্ত নক্সায় 'লাল' রঙের রেখা দ্বারা চিহ্নিত এবং প্রদর্শিত হইয়াছে, তাহার অর্দ্ধাংশ অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। ইহার হারাহারি খাজনা পশ্চিমবঙ্গ বি. এল.এন্ড. এল. আর. ও. আইন মোতাবেক শাঁখরাইল অফিসে আদায় দিতে হয়। অত্র দলিলের সহিত সংযুক্ত নক্সা ও দাতার ছবি ও টিপ ছাপ অত্র দলিলের একাংশ বলিয়া বিবেচিত হইল।

-ঃঃ ইহার চৌহদ্দি ঃঃ-

<u>উত্তরে</u> ঃ সাবেক ৩৪৫ নং দাগের সম্পত্তি।

<u>দক্ষিনে</u> ঃ পঞ্চায়েত রাস্তা।

<u>পূর্বে</u> ঃ যৌথ পথ।

<u>পশ্চিমে</u> ঃ সাবেক ৩৪৫ নং দাগের সম্পত্তি।

অত্র দলিলে ২ জনা সাক্ষী রহিল।

অনিন্দিতা ব্যানার্জী

ইসাদীগণ -


১। শ্রী শীতল সাঁতরা

অত্র দানপত্র দলিলখানির মুসাবিদা ও চূড়ান্ত প্রস্তুত আমার দ্বারা হইল।

এ্যাডভোকেট,
হাওড়া কোর্ট।

টাইপ কারক -

...N OF LAND AND BUILDING AT DAG NO - 345 (OLD), 382 (NEW), KH NO - 153 (OLD)
...), MOUZA - JHOREHAT, JL NO - 30, P.S - SANKRAIL, DIST - HOWRAH. SCALE 1" = 8'0"
...OF LAND : ZIRO SFT (M/L); COVD. AREA OF BUILDING : 300 SFT (M/L)
...NER : SANDIP BANERJEE , DONEE : KANIKA BANERJEE



( )

# Specimen Form of Ten Finger Prints

| Sl. No. | Signature of the Executants / Presentants | Finger Prints |
|---|---|---|
| |  [signature] |  Little, Ring, Middle, Fore, Thumb — Finger Prints of Left Hand |
| | |  Thumb, Fore, Middle, Ring, Little — Finger Prints of Right Hand |
| | [signature] | Little, Ring, Middle, Fore, Thumb — Finger Prints of Left Hand |
| | | Thumb, Fore, Middle, Ring, Little — Finger Prints of Right Hand |
| | | Little, Ring, Middle, Fore, Thumb — Finger Prints of Left Hand |
| | | Thumb, Fore, Middle, Ring, Little — Finger Prints of Right Hand |

... of the Addl. Dist. Sub-Registrar, Ranihati
... Howrah

Additional Dist Sub Registrar
Ranihati,
Dist.-Howrah
31/7/06